

স্বপ্নীল আকাজ্ঞা

আমি জেগে দেখবো
সজীব বৈশাখী সকাল,
রাতভর রঙিন স্বপ্ন
সুখনিদ্রায় প্রশান্ত মন
তোমার কোমল স্পর্শে
পরিতৃপ্ত নিঃশ্বাসে।

আমি জেগে দেখবো
দুবলা ভেজা শিশির বিন্দু
সুশীতল হাওয়া
পাখির কুজন
দেহদণ্ডের তীর্যক ছায়া
একটি সোনালী সূর্য্য।

আমি জেগে দেখবো
সজীবতায় চারিদিক
উল্লাসে উদ্ভাসিত ধরাদাম
রাতভর
বিশ্বকাপ ক্রিকেট
জয়ধ্বনি।

আমি জেগে দেখবো
হতাশা বিহীন সহস্র সত্তা
ক্লান্তিবিহীন গর্মাক্ত শ্রমিক
বিরামহীন কারখানার গুর গুর ধ্বনি
কর্মব্যস্ত পরিবার
সুজলা সুফলায় পুষ্ট
প্রস্ফুটিত শাপলা
সয়ংসম্পূর্ণ দেশ
মডেল মালয়েশিয়া।

আমি ঘুম থেকে জেগে দেখবো
আগত বিদেশী শ্রমিক
অকার্পন্য মনোভাব
কৌলুষমুক্ত প্রশাসন
দুর্নীতি-বিহীন কর্মসূচী
উন্নয়নে বিশ্বতালিকায়
আদর্শময় বাংলাদেশ।

স্বপ্নীল আকাজ্ঞায়
তোমার উষ্ণ পরশের ছোঁয়ায়
আমি ঘুম থেকে জেগে দেখবো
টুথব্রাশ হস্তে
দভায়মান সহাস্যে তুমি
রোমান্টিক সকালের অপেক্ষায়।

আইয়ুব আহমেদ দুলাল
সৌদি আরব।

E-mail:- ayubalibd@hotmail.com